শেষের পাতা

# পরীক্ষা বর্জনের হুমকি প্রাথমিক শিক্ষকদের

## শহীদ মিনারে সমাবেশে পুলিশের বাধা, লাঠিচার্জ

**প্রকাশ:** ১৪ ঘণ্টা আগে | Like 3.1K Share 3.1K

**সমকাল প্রতিবেদক**



(JavaScript:void(0))

*বুধবার কেন্দ্রীয় শহীদ মিনারে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সমাবেশ কর্মসূচিতে পুলিশের বাধা - সমকাল*

বেতন বৈষম্য নিরসনের দাবিতে রাজধানী ঢাকায় পূর্বনির্ধারিত মহাসমাবেশ করতে পারেননি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা। গতকাল বুধবার সকাল ১১টায় কেন্দ্রীয় শহীদ মিনারে এ সমাবেশ অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও পুলিশি বাধায় তা পণ্ড হয়ে যায়। পুলিশের লাঠিচার্জে অন্তত ৩০ শিক্ষক আহত হয়েছেন। এদিকে শিক্ষকরা তাদের দাবি পূরণের জন্য আগামী ১৩ নভেম্বর পর্যন্ত সরকারকে সময় বেঁধে দেন। এ সময়ের মধ্যে দাবি মানা না হলে তারা ১৭ নভেম্বর থেকে

অনুষ্ঠিতব্য প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা বর্জন করার ঘোষণা দেন। এরপরও দাবি পূরণ না হলে তারা এ বছরের বার্ষিক পরীক্ষাও বর্জন করবেন।

প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও প্রধান শিক্ষকদের ১৪টি সংগঠনের সমন্বয়ে গঠিত বাংলাদেশ প্রাথমিক শিক্ষক ঐক্য পরিষদ গতকাল বুধবার এ হুঁশিয়ারি দেন। এ সংগঠনই সমাবেশের ডাক দিয়েছিল।

এক দফা দাবিতে আয়োজিত এ মহাসমাবেশে ঢল নেমেছিল শিক্ষকের। ভোর থেকেই কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষকরা আসতে শুরু করেন। তবে সকাল থেকেই পুলিশ শহীদ মিনার ঘিরে রাখে এবং শিক্ষকদের শহীদ মিনারে প্রবেশে বাধা দেয়। বাধা সত্ত্বেও শিক্ষকরা শহীদ মিনারে ঢোকার চেষ্টা করলে ঐক্য পরিষদের সমন্বয়ক আতিকুল ইসলামকে পুলিশ আটক করে শাহবাগ থানায় নিয়ে যায়। কিছু শিক্ষক জোর করে শহীদ মিনারে ঢুকতে গেলে পুলিশ ধাওয়া দেয়। পুলিশের ধাওয়া খেয়ে দোয়েল চত্বরে চলে যান তারা। এ সময় শত শত শিক্ষক সেখানে জমায়েত হতে থাকেন। এ সময় পুলিশ তাদের ছত্রভঙ্গ করার জন্য লাঠিচার্জ করে। এরপর পুলিশ শিক্ষকদের আধাঘণ্টার মধ্যে কর্মসূচি শেষ করে সেখান থেকে চলে যেতে বলেন।

এ সময় শিক্ষকদের উদ্দেশে বক্তব্য দেন ঐক্য পরিষদের প্রধান উপদেষ্টা আনোয়ারুল হক তোতা, নীতিনির্ধারণী কমিটির চেয়ারম্যান আব্দুল্লাহ সরকার, মহাসচিব মোহাম্মদ শামছুদ্দীন মাসুদ, যুগ্ম-আহ্বায়ক আবুল কাশেম। পরে প্রাথমিক শিক্ষক ঐক্য পরিষদের আহ্বায়ক আনিছুর রহমান ও প্রধান মুখপাত্র বদরুল আলম শিক্ষকদের উদ্দেশে আন্দোলনের নতুন কর্মসূচি ঘোষণা করেন। সমাবেশে আরও বক্তব্য দেন শিক্ষক নেতা রবিউল হাসান, কামরুল ইসলাম, সাবেরা বেগম, আব্দুল হক, আব্দুস সবুর, শিবাজী বিশ্বাস, রোজেল সাজু, আব্দুল খালেক, ওমর খৈয়াম বাগদাদী রুমী প্রমুখ।

পুলিশের নির্দেশে দ্রুত মহাসমাবেশ শেষ করায় কিছু শিক্ষক বিক্ষোভ করেন। শহীদ মিনারের চারদিকে পুলিশের বাধায় আটক শিক্ষকরা মিছিলসহ শহীদ মিনারে ঢুকে পড়লে তাদের ছত্রভঙ্গ করার জন্য পুলিশ লাঠিচার্জ করে। পুলিশের সঙ্গে শিক্ষকদের ধাওয়া-পাল্টা ধাওয়া চলে। এতে অন্তত ৩০ শিক্ষক আহত হন। তাদের মধ্যে ৪ জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। পুলিশ মাসুদ রানা নামে আরও একজন শিক্ষককে সেখান থেকে আটক করে। প্রায় ঘণ্টাখানেক পুলিশের সঙ্গে ধস্তাধস্তির পর শিক্ষকরা শহীদ মিনার ত্যাগ করেন।

প্রাথমিকের প্রধান শিক্ষকরা বর্তমানে জাতীয় বেতন স্কেলের ১১তম গ্রেডে বেতন পান। তাদের দশম গ্রেডে উন্নীত করার জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব করেছিল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। সহকারী শিক্ষকরা পান ১৪তম গ্রেডে বেতন। তাদের ১২তম গ্রেডে উন্নীত করার প্রস্তাব ছিল। এ প্রস্তাবও অর্থ মন্ত্রণালয় বাতিল করে দেয়। শিক্ষকরা ক্ষুব্ধ হয়ে আন্দোলনে নামেন।

বর্তমানে সারাদেশে ৬৫ হাজার ৯০২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এগুলোতে ৩ লাখ ২৫ হাজার সহকারী শিক্ষক ও ৪২ হাজার প্রধান শিক্ষক রয়েছেন। জানা গেছে, বর্তমানে একজন প্রশিক্ষণপ্রাপ্ত প্রধান শিক্ষক জাতীয় বেতন স্কেলের ১১তম গ্রেডে এবং প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী শিক্ষকগণ জাতীয় বেতন স্কেলের ১৪তম গ্রেডে টাকা পান। এভাবে ১৬ বছর চাকরি করলে একজন প্রধান শিক্ষকের সঙ্গে সহকারী শিক্ষকের বেতনে ব্যবধান হবে ভাতাসহ প্রায় ২০ হাজার টাকা।

(https://samakal.com/print/19104652/print) মন্তব্য করুন

(http://tops.easyvoyage.co.uk/teenagers-notice-girl-with-dad/?utm_source=taboola&utm_campaign=desktop-teensfollowdad-ww&utm_medium=cpc&utm_content=samakal&site_country=GB)

## Teenagers notice girl with "Dad" acting strange, they follow her because they knew something's wrong

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01:Below Arti**

(http://tops.easyvoyage.co.uk/teenagers-notice-girl-with-dad/?utm_source=taboola&utm_campaign=desktop-teensfollowdad-ww&utm_medium=cpc&utm_content=samakal&site_country=GB)

(https://healthydaily.net/?widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5d6805d4ef28641f2b0cc870&wtrd_offer_lids[]=5d680706ef2864250a50efe2&wtrd_offer_pids[]=5d692

## Are you looking for a remedy for neck and back pain? Discover Neck Relax.

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01-a:Below Ar**

(https://healthydaily.net/?widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5d6805d4ef28641f2b0cc870&wtrd_offer_lids[]=5d680706ef2864250a50efe2&wtrd_offer_pids[]=5d692

(http://a-great-flights.zone?sub_id=taboola_3060912_System1_FlightPrice_Mobile_SriLanka_samakal&ref=taboola_samakal&compkey=flight+price+from+{{city}}+to+new+york&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

## Flight Price from Hobiganj Sadar to New York Might Surprise You

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01-a:Below Ar**

(http://a-great-flights.zone?sub_id=taboola_3060912_System1_FlightPrice_Mobile_SriLanka_samakal&ref=taboola_samakal&compkey=flight+price+from+{{city}}+to+new+york&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

(http://propertyinvesting-in-ace.fyi?sub_id=taboola_306795_System1_PropertyInvestment_Mobile_Egypt_samakal&ref=taboola_samakal&compkey=dubai+property+investment&fbid=41921396864

## Dubai Investment Properties Might Actually Surprise You

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01:Below Arti**

(http://propertyinvesting-in-ace.fyi?sub_id=taboola_306795_System1_PropertyInvestment_Mobile_Egypt_samakal&ref=taboola_samakal&compkey=dubai+property+investment&fbid=41921396864

(http://fetch-hair-transplant.fyi?
sub_id=taboola_30999_System1_HairTransplantTurk_Mobile_ALL_samakal&ref=taboola_samakal&compkey=Hair+Transplant+Turkey+Price&fbid=4192139686472

**The Cost of Hair Transplant in Turkey Might Surprise You**

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01-a:Below Ar**

(http://fetch-hair-transplant.fyi?
sub_id=taboola_30999_System1_HairTransplantTurk_Mobile_ALL_samakal&ref=taboola_samakal&compkey=Hair+Transplant+Turkey+Price&fbid=4192139686472

(https://www.tips-and-tricks.co/home-and-garden/sticks-rose-stalk-potato-look-happens-week-later-amazing/?
utm_campaign=ENTcombiWWDSK&utm_source=Taboola&utm_medium=native&utm_term=samakal)

**She Sticks A Rose Stalk Into A Potato And Look What Happens A Week Later**

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01-a:Below Ar**

(https://www.tips-and-tricks.co/home-and-garden/sticks-rose-stalk-potato-look-happens-week-later-amazing/?
utm_campaign=ENTcombiWWDSK&utm_source=Taboola&utm_medium=native&utm_term=samakal)

(https://samakal.com/whole-country/article/1908844)

## 'ওসি একাই ৩ বার ধর্ষণ করে'

(https://samakal.com/whole-country/article/1908844)

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

## আমার ওপর সেতুমন্ত্রীর অনেক ক্ষোভ: প্রধানমন্ত্রী

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

## জ্ঞান হারানোর আগে রিকশাচালককে যে কথা বলেছিলেন রিফাত

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

(https://samakal.com/entertainment/article/1604205472)

## 'দাবাং ৩' নায়িকার নগ্ন ছবি ফাঁস!

(https://samakal.com/entertainment/article/1604205472)

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

## ফাঁসির রায় শুনেও কাঠগড়ায় নিশ্চুপ স্নিগ্ধা

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

## পদ্মা সেতুতে খুঁটির ওপর বসানো যাচ্ছে না স্প্যান

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

(https://samakal.com/entertainment/article/1904942)

## ছেলের বিয়েতে নাচলেন নায়ক রুবেল

**Samakal**

(https://samakal.com/entertainment/article/1904942)

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

## মাথা ঠিক ছিল না, টানা এক ঘণ্টা পিটিয়েছি

**Samakal**

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

(https://www.facebook.com/TheDailySamakal/) (https://twitter.com/samakaltw)
(https://www.youtube.com/channel/UCvuyokFrRk7Eix03D7izTPQ)
(https://www.instagram.com/daily_samakal)

© সমকাল ২০০৫ - ২০১৯

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ. কে. আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ (প্রিন্ট), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) |

ইমেইল: samakalad@gmail.com (প্রিন্ট), ad.samakalonline@outlook.com (অনলাইন)

PRIVACY POLICY (https://samakal.com/privacy) | TERMS OF USE (https://samakal.com/terms) | SAMAKAL ALL RIGHTS RESERVED